

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা


নং-৪৬.০৪২.০৩৩.০৩.০০.১৪৭.২০১১. ২৮২৫

তারিখঃ ২০/০৬/২০১২ খ্রিঃ।

বিষয় : জেলা পরিষদের প্রশাসকগণের সম্মানী ও আপ্যায়ন ভাতা নির্ধারণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, জেলা পরিষদে নিযুক্ত প্রশাসকগণ মাসিক সম্মানী ভাতা বাবদ সর্বসাকুল্যে ২৭,৫০০/- (সাতাশ হাজার পাঁচশত) ও মাসিক আপ্যায়ন ভাতা বাবদ ৩,০০০/- (তিন হাজার) টাকা নিম্নোক্ত শর্ত সাপেক্ষে প্রাপ্য হবেন :

- (১) জেলা পরিষদের নিজস্ব আয়/বরাদ্দ থেকে এ ব্যয়ভার বহন করতে হবে। এ বাবদ সরকারের রাজস্ব খাত হতে কোন অর্থ বরাদ্দ প্রদান করা হবে না;
- (২) জেলা পরিষদের প্রশাসকগণের নিয়োগাদেশ জারীর তারিখ হতে এ ভাতা কার্যকর হবে;
- (৩) এ ক্ষেত্রে যাবতীয় বিধি/আনুষ্ঠানিকতা যথাযথভাবে পরিপালন করতে হবে।


২০/০৬/১২
(জুবাইদা নাসরীন)
উপ-সচিব
ফোনঃ ৭১৬৯২৭৪

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ,(সকল)।

অনুলিপি (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
- ৪। প্রশাসক, জেলা পরিষদ, -----(সকল)।
- ৫। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
- ৬। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।